

**২০১৮ সাল থেকে  
প্রাথমিক শিক্ষা  
৮ম শ্রেণী পর্যন্ত**  
প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক  
প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান জানিয়েছেন, ২০১৮ সাল থেকে দেশের প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণী পর্যন্ত সম্প্রসারণ করার পরিকল্পনা নিয়েছে সরকার। গতকাল সোমবার দশম সংসদের অষ্টম অধিবেশনে প্রমোডের পূর্বে মন্ত্রী এ তথ্য জানান। সরকারি স্কুলের সদস্য মমতাজ বেগমের প্রশ্নের জবাবে তিনি আরও জানান, শিক্ষানীতি-২০১০-এর আলোকে প্রাথমিক শিক্ষার স্তর পর্যায়ক্রমে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণীতে উন্নীতকরণের জন্য ২০১৩ সালে ৪৯১টি প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণী চালু করা হয়েছে। এসব বিদ্যালয় অষ্টম শ্রেণীতে উন্নীত হয়েছে। ২০১৪ শিক্ষাবর্ষে আরও ১৭৫টি স্কুল ষষ্ঠ শ্রেণীতে উন্নীত করা হয়েছে। সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য সানজিদা খানমের প্রশ্নের জবাবে মোস্তাফিজুর রহমান জানান, দেশের ছিন্নমূল ও শ্রমজীবী শিশু-কিশোরদের পেশাগত দক্ষতার জন্য কারিগরি শিক্ষা ও পুনর্বাসনে ১৯৮৯ সালে ৭৬টি শিশুকল্যাণ প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে শিশুকল্যাণ ট্রাস্টের কাজ শুরু হয়েছে। তখন এর নাম ছিল পৃথকলি ট্রাস্ট। ২০১৫ সালে ৯১টি স্কুলের মধ্যে ১৮ হাজার ২৮৫ জন ভাগ্যহীন সুযোগ-সুবিধাবঞ্চিত হতদরিদ্র শিশু-কিশোরকে শিক্ষা, স্বাস্থ্য ও পেশাগত দক্ষতা অর্জনে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। ঢাকায় ১৫০০ গৃহকর্মী শিশুর শিক্ষাদান প্রকল্প পাইলটিং পর্যায়ে রয়েছে বলে জানান মন্ত্রী।